website: www.bb.org.bd

**গ্রিন ব্যাংকিং এন্ড সিএসআর ডিপার্টমেন্ট**
**বাংলাদেশ ব্যাংক**
**প্রধান কার্যালয়**
**ঢাকা**

**জিবিসিএসআরডি সার্কুলার নং ঃ ০২**

**জুলাই ০১, ২০১৩**
**তারিখঃ----------------**
**আষাঢ় ১৭, ১৪২০**

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

**নবায়নযোগ্য জ্বালানি ও পরিবেশবান্ধব অর্থায়নযোগ্য খাতে পুনঃঅর্থায়ন (Refinance)স্কীম ।**

এসিএসপিডি সার্কুলার নং-০৬/২০০৯, এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০১/২০১০, এসিডি সার্কুলার নং-০৯/২০১০, এসিডি সার্কুলার লেটার নং-০১/২০১০, এসিডি সার্কুলার লেটার নং-০২/২০১১ ও এসিএফআইডি সার্কুলার লেটার নং-০৩/২০১২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে ।

এসিএসপিডি সার্কুলার নং-০৬/২০০৯ এর মাধ্যমে নবায়নযোগ্য জ্বালানী ও পরিবেশবান্ধব খাত অর্থাৎ সৌরশক্তি, বায়োগ্যাস এবং বর্জ্য পরিশোধন প্ল্যান্ট স্থাপন কার্যক্রমে ব্যাংকগুলো যাতে সহজশর্তে ঋণ প্রদান করতে পারে সে লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের নিজস্ব উৎস থেকে প্রাথমিকভাবে ২০০.০০ (দুইশত) কোটি টাকার আবর্তনশীল তহবিল নিয়ে **''সৌর শক্তি (Solar Energy), বায়োগ্যাস (Bio-gas) ও বর্জ্য পরিশোধন প্ল্যান্ট (Effluent Treatment Plant) খাতে পুনঃঅর্থায়ন স্কীম''** নামে একটি স্কীম গঠন করা হয়। সময়ের বিবর্তনে নবায়নযোগ্য জ্বালানি ও পরিবেশবান্ধব কার্যক্রমের পরিধি ও চাহিদা বৃদ্ধি পাওয়ায় গ্রিন ফাইন্যান্সিং বা সবুজ অর্থায়নের মাধ্যমে পরিবেশবান্ধব অর্থনীতি গড়ে তোলার লক্ষ্যে **''এসিএসপিডি সার্কুলার নং- ০৬ তারিখঃ আগস্ট ০৩, ২০০৯''** এর বিষয়াদি নিম্নরূপভাবে প্রতিস্থাপন ও সংযোজন করা হলো ঃ

**০১. স্কীমের আওতাঃ**

দেশের শহর ও পল্লী এলাকায় গৃহস্থালী বা ব্যবসা প্রতিষ্ঠানে সৌর শক্তি প্যানেল স্থাপন, সৌর ফটোভোল্টাইক সংযোজন প্ল্যান্ট/শিল্প স্থাপন, গৃহস্থালী বা বাণিজ্যিক ভিত্তিতে বায়োগ্যাস প্ল্যান্ট/সমন্বিত গরুপালন ও বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপন এবং শিল্প প্রতিষ্ঠানে বর্জ্য পরিশোধন প্ল্যান্ট স্থাপনে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান সমূহের অর্থায়নের বিপরীতে **নবায়নযোগ্য জ্বালানি ও পরিবেশবান্ধব অর্থায়নযোগ্য খাতে পুনঃঅর্থায়ন (Refinance) স্কীমের** আওতায় পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হবে।

**(চলমান পাতা-২)**

০২. <u>**স্কীমের আওতাভূক্ত খাত ও সর্বোচ্চ ঋণসীমা ঃ**</u>

এ স্কীমের আওতায় প্রদত্ত ঋণের সর্বোচ্চ সীমা নিম্নরূপঃ

| খাত | বর্ণনা | ঋণসীমা |
|---|---|---|
| ১ (ক)। সোলার হোম সিস্টেম | পল্লী ও শহর এলাকার জন্য | সর্বোচ্চ ১,৭৫,০০০/০০ (এক লক্ষ পঁচাত্তর হাজার) টাকা |
| ১ (খ)। সোলার মিনি গ্রিড | পল্লী এলাকার জন্য | সর্বোচ্চ ১,৫০,০০,০০০/০০ (এক কোটি পঞ্চাশ লক্ষ) টাকা |
| ১ (গ)। সোলার ইরিগেশান পাম্পিং সিস্টেম | পল্লী এলাকার জন্য | সর্বোচ্চ ৩৫,০০,০০০/০০ (পঁয়ত্রিশ লক্ষ) টাকা |
| ১ (ঘ)। সৌর ফটোভোল্টাইক সংযোজন প্ল্যান্ট/শিল্প (Solar PV Assembly Plant) স্থাপন। | - | সংযোজন ক্ষমতার ভিত্তিতে ঋণসীমা নির্ধারিত হবে, তবে ৬,০০,০০,০০০/০০(ছয় কোটি) টাকার উর্দ্ধে নয় |
| ২। বায়োগ্যাস (Bio-gas) প্ল্যান্ট | বিদ্যমান গবাদি/পোল্ট্রী খামারে বায়োগ্যাস প্ল্যান্ট সংস্থাপন | সর্বোচ্চ ৫০,০০০/০০ (পঞ্চাশ হাজার) টাকা |
| | সমন্বিত গরুপালন ও বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপন | সর্বোচ্চ ৪,৫০,০০০/০০ (চার লক্ষ পঞ্চাশ হাজার) টাকা |
| | স্লারি হতে জৈবসার প্রস্তুত | সর্বোচ্চ ২,০০,০০০/০০ (দুই লক্ষ) টাকা |
| | মাঝারি আকারের বায়োগ্যাস (Bio-gas) প্ল্যান্ট | সর্বোচ্চ ২৫,০০,০০০/০০ (পঁচিশ লক্ষ) টাকা |
| ৩। বর্জ্য পরিশোধন প্ল্যান্ট (ETP) | ক) বায়োলজিক্যাল ETP | সর্বোচ্চ ৪,০০,০০,০০০/০০(চার কোটি) টাকা |
| | খ) বায়োলজিক্যাল ও কেমিক্যাল এর সমন্বিত প্রযুক্তির ETP স্থাপন। | সর্বোচ্চ ২,০০,০০,০০০/০০(দুই কোটি) টাকা |
| | গ) কেমিক্যাল ETP সমূহকে ''খ'' ক্রমিক ব্যবস্থায় রূপান্তরকরণ | সর্বোচ্চ ১,০০,০০,০০০/০০(এক কোটি) টাকা |
| ৪। সনাতন পদ্ধতির চুন চুল্লীগুলোকে উন্নত প্রযুক্তি দ্বারা প্রতিস্থাপন | - | সর্বোচ্চ ৩৫,০০,০০০/০০ (পঁয়ত্রিশ লক্ষ) টাকা |
| ৫। কেঁচো কম্পোস্ট সার (Vermicompost) উৎপাদন | - | ২টি গরু ক্রয়সহ ২,৯০,০০০/০০ (দুই লক্ষ নব্বই হাজার) টাকা<br>গরু ক্রয় ব্যতীত ৯০,০০০/০০ (নব্বই হাজার) টাকা |
| ৬। জলবিদ্যুৎ প্লান্ট (পিকো, মাইক্রো, মিনি) | - | উৎপাদন ক্ষমতার ভিত্তিতে সর্বোচ্চ ৫০,০০,০০০/০০(পঞ্চাশ লক্ষ) টাকা |
| ৭। PET বোতল পুনঃপ্রক্রিয়াজাতকরণ প্লান্ট | - | সর্বোচ্চ ৫,০০,০০,০০০/০০(পাঁচ কোটি) টাকা |
| ৮। সৌর ব্যাটারী পুনঃপ্রক্রিয়াজাতকরণ প্লান্ট | | সর্বোচ্চ ১,০০,০০,০০০/০০(এক কোটি) টাকা |
| ৯। LED প্রযুক্তিসম্পন্ন বাল্ব উৎপাদন প্লান্ট | | সর্বোচ্চ ৫,০০,০০,০০০/০০(পাঁচ কোটি) টাকা |
| ১০। ইটভাটায় কার্বন নির্গমন হ্রাসের উদ্দেশ্যে Hybrid Hoffman Kiln (HHK)/Tunnel Kiln/সমমানের প্রযুক্তিসম্পন্ন প্ল্যান্ট স্থাপন ঃ | - | নতুন প্রকল্পের জন্য সর্বোচ্চ ৫,০০,০০,০০০/০০ (পাঁচ কোটি) টাকা<br>বিদ্যমান FCK সমূহকে zig-zag/VSBK-এ রূপান্তরের ক্ষেত্রে সর্বোচ্চ ৫০,০০,০০০/০০ (পঞ্চাশ লক্ষ) টাকা । |

**(চলমান পাতা-৩)**

## ২.১ সৌর শক্তি (Solar Energy)

শহর ও পল্লী এলাকায় একক/যৌথ ভাবে এপার্টমেন্ট, ব্যবসা প্রতিষ্ঠান, সমবায় সমিতি বা পারিবারিক ব্যবহারের উদ্দেশ্যে ব্যক্তি পর্যায়ে সৌর প্যানেল স্থাপনের মাধ্যমে বিদ্যুৎ সুবিধা প্রদানের জন্য ব্যাংকসমূহের অর্থায়নের বিপরীতে উপরোক্ত স্কীমের আওতায় পুনঃঅর্থায়ন সুবিধা প্রদেয় হবে। তবে অনগ্রসর এবং বিদ্যুৎ সংযোগবিহীন এলাকার জন্য এ সুবিধা অগ্রাধিকার পাবে।

নিম্নবর্ণিত উপখাত সমূহ এ পুনঃঅর্থায়ন সুবিধার আওতায় আসবে ঃ

ক) সোলার হোম সিস্টেম

খ) সোলার মিনি গ্রিড

গ) সোলার ইরিগেশান পাম্পিং সিস্টেম

ঘ) সৌর ফটোভোল্টাইক সংযোজন প্ল্যান্ট

### ২.১.১ সোলার হোম সিস্টেম (শহর ও গ্রামীণ এলাকার জন্য)

**(ক) সৌর প্যানেলের ক্ষমতা ঃ** সর্বনিম্ন ১০ Wp থেকে সর্বোচ্চ ৫২০ Wp পর্যন্ত।

**(খ) ঋণ সীমা ঃ** সর্বনিম্ন ১০,০০০/০০(দশ হাজার) টাকা থেকে সর্বোচ্চ ১,৭৫,০০০/০০(এক লক্ষ পঁচাত্তর হাজার) টাকা।

**(গ) ঋণ প্রাপ্তির যোগ্যতা ঃ** একক অথবা যৌথভিত্তিতে ব্যবহারকারী পরিবার/প্রতিষ্ঠান/সমবায় সমিতি।

**(ঘ) ঋণ ও নিজস্ব মূলধনের (ডেট ইকুইটি) অনুপাত ঃ** ব্যাংকার-কাস্টমার সম্পর্কের ভিত্তিতে নির্ধারিত হবে।

**(ঙ) গ্রাহক পর্যায়ে সুদের হার ঃ**

ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান সরাসরি গ্রাহক পর্যায়ে অর্থায়ন করলে সর্বোচ্চ ৯% [প্রচলিত ব্যাংক রেট(বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৪%]

ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক এমএফআই (MRA এর নিবন্ধিত MFI) লিংকেজ ব্যবহারের মাধ্যমে ক্রেডিট হোলসেলিং (Credit Wholesaling) করার ক্ষেত্রে গ্রাহক পর্যায়ে অর্থায়ন করলে সর্বোচ্চ ১২% [প্রচলিত ব্যাংক রেট (বর্তমানে ৫%)+সর্বোচ্চ ৭%] তবে সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান সংশ্লিষ্ট MFI নির্বাচন, ঋণ বিতরণ, আদায় ও ঋণের সদ্ব্যবহারের দায়িত্ব পালন করবে।

ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক ঋণ প্রদানের ক্ষেত্রে গ্রাহক নির্বাচন, ঋণের প্রস্তাব তৈরীকরণ, মূল্যায়ন, মনিটরিং, আদায় ইত্যাদি সংক্রান্ত কাজে কোন কোম্পানী/প্রতিষ্ঠানকে এজেন্ট/ইন্টারমিডিয়ারী হিসেবে ব্যবহারপূর্বক গ্রাহক পর্যায়ে অর্থায়ন করলে সর্বোচ্চ ১২% [প্রচলিত ব্যাংক রেট(বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৭%] । ঋণ মঞ্জুরী এবং ঋণ বিতরণ ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান সমূহ স্ব স্ব প্রতিষ্ঠানের ঋণ নিয়মাচার বিধিবদ্ধ নিয়ম অনুসরণপূর্বক মঞ্জুরি ও আদায় করবে।

**(চ) গ্রাহক পর্যায়ে ঋণ পরিশোধের সময়কাল ও সুদ হিসাবায়ন ঃ**

ঋণ গ্রহণের তারিখ হতে অনধিক ৪(চার) বছরের মধ্যে সুদসহ আসল পরিশোধযোগ্য এবং মাসিক/ত্রৈমাসিক ভিত্তিতে কিস্তি আদায়যোগ্য। ক্রমহ্রাসমান পদ্ধতিতে (Reducing balance method) সুদ হিসাবায়ন করতে হবে।

**(ছ) পুনঃঅর্থায়নকৃত ঋণ পরিশোধের সময়কাল ঃ** পুনঃঅর্থায়ন গ্রহণের তারিখ হতে ত্রৈমাসিক ভিত্তিতে অনধিক ৪ (চার) বছরের মধ্যে সুদসহ আসল পরিশোধযোগ্য ।

(চলমান পাতা-৪)

### ২.১.২ <u>সোলার মিনি গ্রিড (Solar Mini-grid)</u>

বিদ্যুৎ সুবিধা বঞ্চিত দেশের প্রত্যন্ত এলাকার হাট, বাজার ও ঘনবসতিপূর্ণ এলাকার জনসাধারনকে সৌর বিদ্যুৎ সুবিধা প্রদানের জন্য এ খাতে ব্যাংক অর্থায়নকে অগ্রাধিকার ভিত্তিতে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হবে।

**(ক) সৌর প্যানেলের ক্ষমতা ঃ** সর্বনিম্ন ২৫ KWp থেকে সর্বোচ্চ ৫০ KWp পর্যন্ত।

**(খ) ঋণ সীমা ঃ সৌর প্যানেলের ক্ষমতা অনুযায়ী** সর্বোচ্চ ১,৫০,০০,০০০/০০(এক কোটি পঞ্চাশ লক্ষ) টাকা পর্যন্ত।

**(গ) ঋণ প্রাপ্তির যোগ্যতা ঃ** উপকারভোগীদের সমন্বয়ে গঠিত সমবায় সমিতি/যৌথ/একক ভিত্তিতে ব্যবহারকারী পরিবার/প্রতিষ্ঠান।

**(ঘ) ঋণ ও নিজস্ব মূলধনের (ডেট ইকুইটি) অনুপাত ঃ** ব্যাংকার-কাস্টমার সম্পর্কের ভিত্তিতে নির্ধারিত হবে।

**(ঙ) গ্রাহক পর্যায়ে সুদের হার ঃ**

ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান সরাসরি গ্রাহক পর্যায়ে অর্থায়ন করলে সর্বোচ্চ ৯% [প্রচলিত ব্যাংক রেট(বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৪%]

ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক এমএফআই (MRA এর নিবন্ধিত MFI) লিংকেজ ব্যবহারের মাধ্যমে ক্রেডিট হোলসেলিং (Credit Wholesaling) করার ক্ষেত্রে গ্রাহক পর্যায়ে অর্থায়ন করলে সর্বোচ্চ **১১**% [প্রচলিত ব্যাংক রেট (বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৬%] তবে সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান সংশ্লিষ্ট MFI নির্বাচন, ঋণ বিতরণ, আদায় ও ঋণের সদ্ব্যবহারের দায়িত্ব পালন করবে।

ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক ঋণ প্রদানের ক্ষেত্রে গ্রাহক নির্বাচন, ঋণের প্রস্তাব তৈরীকরণ, মূল্যায়ন, মনিটরিং, আদায় ইত্যাদি সংক্রান্ত কাজে কোন কোম্পানী/প্রতিষ্ঠানকে এজেন্ট/ইন্টারমিডিয়ারী হিসেবে ব্যবহারপূর্বক গ্রাহক পর্যায়ে অর্থায়ন করলে সর্বোচ্চ **১১**% [প্রচলিত ব্যাংক রেট(বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৬%] । ঋণ মঞ্জুরী এবং ঋণ বিতরণ ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান সমূহ স্ব স্ব প্রতিষ্ঠানের ঋণ নিয়মাচার বিধিবদ্ধ নিয়ম অনুসরণপূর্বক মঞ্জুরি ও আদায় করবে।

**(চ) গ্রাহক পর্যায়ে ঋণ পরিশোধের সময়কাল ও সুদ হিসাবায়ন ঃ** ঋণ গ্রহণের তারিখ হতে ৬ (ছয়) মাসের গ্রেস পিরিয়ডসহ অনধিক ৫ (পাঁচ) বছরের মধ্যে সুদসহ আসল পরিশোধযোগ্য এবং মাসিক/ত্রৈমাসিক ভিত্তিতে কিস্তি আদায়যোগ্য। ক্রমহ্রাসমান পদ্ধতিতে (Reducing balance method) সুদ হিসাবায়ন করতে হবে।

**(ছ) পুনঃঅর্থায়নকৃত ঋণ পরিশোধের সময়কাল ঃ** পুনঃঅর্থায়ন গ্রহণের তারিখ হতে ত্রৈমাসিক ভিত্তিতে অনধিক ৬ মাস গ্রেস পিরিয়ডসহ অনধিক ৫ (পাঁচ) বছরের মধ্যে সুদসহ আসল পরিশোধযোগ্য ।

### ২.১.৩ <u>সোলার ইরিগেশন পাম্পিং সিস্টেম (Solar Irrigation Pumping System)</u>

(ক) সোলার পাম্পের পানি উত্তোলন ক্ষমতাঃ দৈনিক ৫ লক্ষ হতে ৬ লক্ষ লিটার পানি উত্তোলন।

(খ) সৌর প্যানেলের ক্ষমতা ঃ প্রতি পাম্পের জন্য সর্বনিম্ন ৬ KWp থেকে সর্বোচ্চ ১২ KWp পর্যন্ত।

(গ) ঋণ সীমা ঃ প্রতি একক সিস্টেমের জন্য সর্বোচ্চ ৩৫,০০,০০০/০০(পঁয়ত্রিশ লক্ষ) টাকা।

**(চলমান পাতা-৫)**

(ঘ) ঋণের আওতা ঃ সোলার প্যানেল, সাবমারসিবল পাম্প, ইনভার্টার/কন্ট্রোলার, সুইচিং সিস্টেম, ড্রেনেজ সিস্টেম ইত্যাদি খাতে অর্থায়ন পুনঃঅর্থায়নের আওতায় আসবে।

(ঙ) ঋণ প্রাপ্তির যোগ্যতা ঃ যৌথভিত্তিতে ব্যবহারের উদ্দেশ্যে গঠিত কৃষকদের সমবায় সমিতি/অনুরূপ নিবন্ধিত সংগঠন।

**(চ) ঋণ ও নিজস্ব মূলধনের (ডেট ইকুইটি) অনুপাত ঃ** ব্যাংকার-কাস্টমার সম্পর্কের ভিত্তিতে নির্ধারিত হবে।

**(ছ) গ্রাহক পর্যায়ে সুদের হার ঃ**

ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান উপকারভোগী কৃষকদের সমন্বয়ে গঠিত সমবায় সমিতি/ অনুরূপ নিবন্ধিত সংগঠনকে সরাসরি অর্থায়ন করলে সর্বোচ্চ ৯% [প্রচলিত ব্যাংক রেট (বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৪%]

ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক এমএফআই (MRA এর নিবন্ধিত MFI) লিংকেজ ব্যবহারের মাধ্যমে সমবায় সমিতিকে ক্রেডিট হোলসেলিং (Credit Wholesaling) করার ক্ষেত্রে গ্রাহক পর্যায়ে অর্থায়ন করলে সর্বোচ্চ ১১% [প্রচলিত ব্যাংক রেট (বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৬%] তবে সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান সংশ্লিষ্ট MFI নির্বাচন, ঋণ বিতরণ, আদায় ও ঋণের সদ্ব্যব্যহারের দায়িত্ব পালন করবে।

ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক ঋণ প্রদানের ক্ষেত্রে গ্রাহক নির্বাচন, ঋণের প্রস্তাব তৈরীকরণ, মূল্যায়ন, মনিটরিং, আদায় ইত্যাদি সংক্রান্ত কাজে কোন কোম্পানী/প্রতিষ্ঠানকে এজেন্ট/ইন্টারমিডিয়ারী হিসেবে ব্যবহারপূর্বক গ্রাহক পর্যায়ে অর্থায়ন করলে সর্বোচ্চ ১১% [প্রচলিত ব্যাংক রেট(বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৬%] । ঋণ মঞ্জুরী এবং ঋণ বিতরণ ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান সমূহ স্ব স্ব প্রতিষ্ঠানের ঋণ নিয়মাচার বিধিবদ্ধ নিয়ম অনুসরণপূর্বক মঞ্জুরি ও আদায় করবে।

**(জ) গ্রাহক পর্যায়ে ঋণ পরিশোধের সময়কাল ও সুদ হিসাবায়ন ঃ** ঋণ গ্রহণের তারিখ হতে ৬ (ছয়) মাসের গ্রেস পিরিয়ডসহ অনধিক ১০ (দশ) বছরের মধ্যে সুদসহ আসল পরিশোধযোগ্য এবং মাসিক/ত্রৈমাসিক/ ষান্মাসিক ভিত্তিতে কিস্তি আদায়যোগ্য। ক্রমহ্রাসমান পদ্ধতিতে (Reducing balance method) সুদ হিসাবায়ন করতে হবে।

**(ঝ) পুনঃঅর্থায়নকৃত ঋণ পরিশোধের সময়কাল ঃ** পুনঃঅর্থায়ন গ্রহণের তারিখ হতে ৬ মাস গ্রেস পিরিয়ডসহ ত্রৈমাসিক ভিত্তিতে অনধিক ১০(দশ) বছরের মধ্যে সুদসহ আসল পরিশোধযোগ্য ।

**২.১.৪ সৌর ফটোভোল্টাইক সংযোজন প্ল্যান্ট/শিল্প (Solar PV Assembly Plant) স্থাপন**

**(ক) ঋণ সীমা ঃ** সংযোজন ক্ষমতার ভিত্তিতে ঋণসীমা নির্ধারিত হবে, তবে সর্বোচ্চ ৬,০০,০০,০০০/০০ (ছয় কোটি) টাকা পর্যন্ত পুনঃঅর্থায়ন সুবিধা প্রদানযোগ্য হবে।

**(খ) গ্রাহক পর্যায়ে সুদের হার ঃ** প্রচলিত ব্যাংক রেট (বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৩%।

**(গ) গ্রাহক পর্যায়ে ঋণ পরিশোধের সময়কাল ও সুদ হিসাবায়ন ঃ** ঋণ গ্রহণের তারিখ হতে ৬ (ছয়) মাসের গ্রেস পিরিয়ডসহ অনধিক ৫ (পাঁচ) বছরের মধ্যে সুদসহ পরিশোধযোগ্য এবং মাসিক/ত্রৈমাসিক ভিত্তিতে কিস্তি আদায়যোগ্য। ক্রমহ্রাসমান পদ্ধতিতে (Reducing balance method) সুদ হিসাবায়ন করতে হবে।

**(ঘ) পুনঃঅর্থায়নকৃত ঋণ পরিশোধের সময়কাল ঃ** পুনঃঅর্থায়ন গ্রহণের তারিখ হতে ৬ (ছয়) মাসের গ্রেস পিরিয়ডসহ অনধিক ৫ (পাঁচ) বছরের মধ্যে পরিশোধযোগ্য।

(ঙ) **ঋণ ও নিজস্ব মূলধনের (ডেট ইকুইটি) অনুপাত ঃ** ব্যাংকার-কাস্টমার সম্পর্কের ভিত্তিতে নির্ধারিত হবে।

**(চলমান পাতা-৬)**

**২.২ <u>বায়োগ্যাস (Bio-gas) প্ল্যান্টঃ</u>**

পল্লী বা শহরাঞ্চলের যে কোন এলাকায় বায়োগ্যাস উৎপাদন ও ব্যবহারের জন্য বায়োগ্যাস (Bio-gas) প্ল্যান্ট স্থাপনে ব্যাংকসমূহের অর্থায়নের বিপরীতে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদেয় হবে। বিদ্যমান ডেইরি/পোল্ট্রী খামারে বায়োগ্যাস (Bio-gas) প্ল্যান্ট স্থাপনে এবং বায়োগ্যাস (Bio-gas) প্ল্যান্টসহ সমন্বিত গরুর খামার স্থাপনের জন্য এই পুনঃঅর্থায়ন সুবিধা প্রদেয় হবে।

**২.২.১ <u>বিদ্যমান ডেইরী/পোল্ট্রী খামারে বায়োগ্যাস (Bio-gas) প্ল্যান্ট স্থাপন</u>**

**(ক) আয়তন সীমা ঃ** গৃহস্থালী/বাণিজ্যিক ভিত্তিতে বায়োগ্যাস উৎপাদন ও ব্যবহারের জন্য-

সর্বনিম্ন ১.২ ঘনমিটার থেকে সর্বোচ্চ ৪.৮ ঘনমিটার

**(খ)গ্রাহক পর্যায়ে ঋণসীমা ঃ** সর্বনিম্ন ২৫,০০০/০০(পঁচিশ হাজার) টাকা থেকে সর্বোচ্চ ৫০,০০০/০০(পঞ্চাশ হাজার) টাকা।

**(গ) ঋণ প্রাপ্তির যোগ্যতা ঃ** একক অথবা যৌথভিত্তিতে ব্যবহারকারী পরিবার/প্রতিষ্ঠান।

**(ঘ) ঋণ ও নিজস্ব মূলধনের (ডেট ইকুইটি) অনুপাত ঃ** ব্যাংকার-কাস্টমার সম্পর্কের ভিত্তিতে নির্ধারিত হবে।

**(ঙ) গ্রাহক পর্যায়ে সুদের হার ঃ**

ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান সরাসরি গ্রাহক পর্যায়ে অর্থায়ন করলে সর্বোচ্চ ৯% [প্রচলিত ব্যাংক রেট(বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৪%]

ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক এমএফআই লিংকেজ (MRA নিবন্ধিত MFI) ব্যবহারের মাধ্যমে ক্রেডিট হোলসেলিং (Credit Wholesaling) করার ক্ষেত্রে গ্রাহক পর্যায়ে অর্থায়ন করলে সর্বোচ্চ **১১%** [প্রচলিত ব্যাংক রেট (বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৬%]। তবে সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান সংশ্লিষ্ট MFI নির্বাচন, ঋণ বিতরণ, আদায় ও ঋণের সদ্ব্যবহারের দায়িত্ব পালন করবে।

ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক ঋণ প্রদানের ক্ষেত্রে গ্রাহক নির্বাচন, ঋণের প্রস্তাব তৈরীকরণ, মূল্যায়ন, মনিটরিং, আদায় ইত্যাদি সংক্রান্ত কাজে কোন কোম্পানী/প্রতিষ্ঠানকে এজেন্ট/ইন্টারমিডিয়ারী হিসেবে ব্যবহারপূর্বক গ্রাহক পর্যায়ে অর্থায়ন করলে সর্বোচ্চ **১১%** [প্রচলিত ব্যাংক রেট(বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৬%] । ঋণ মঞ্জুরী এবং ঋণ বিতরণ ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান সমূহ স্ব স্ব প্রতিষ্ঠানের ঋণ নিয়মাচার বিধিবদ্ধ নিয়ম অনুসরণপূর্বক মঞ্জুরি ও আদায় করবে।

**(চ) গ্রাহক পর্যায়ে ঋণ পরিশোধের সময়কাল ও সুদ হিসাবায়ন ঃ** ঋণ গ্রহণের তারিখ হতে ৩ (তিন) মাসের গ্রেস পিরিয়ডসহ অনধিক ৪ (চার) বছরের মধ্যে সুদসহ আসল পরিশোধযোগ্য এবং মাসিক/ত্রৈমাসিক ভিত্তিতে কিস্তি আদায়যোগ্য। ক্রমহ্রাসমান পদ্ধতিতে (Reducing balance method) সুদ হিসাবায়ন করতে হবে।

**(ছ) পুনঃঅর্থায়নকৃত ঋণ পরিশোধের সময়কাল ঃ** পুনঃঅর্থায়ন গ্রহণের তারিখ হতে ৩ (তিন) মাসের গ্রেস পিরিয়ডসহ ত্রৈমাসিক ভিত্তিতে অনধিক ৪(চার) বছরের মধ্যে সুদসহ আসল পরিশোধযোগ্য ।

**<u>(চলমান পাতা-৭)</u>**

২.২.২ <u>সমন্বিত গরু পালন ও বায়োগ্যাস (Bio-gas) প্ল্যান্ট স্থাপন</u>

**(ক) আয়তন সীমা ঃ**

- গৃহস্থালী/বাণিজ্যিকভিত্তিতে বায়োগ্যাস উৎপাদন ও ব্যবহারের জন্যঃ ৪ (চার)টি উন্নত জাতের গরু এবং সর্বোচ্চ ৪.৮ ঘনমিটার বায়োডাইজেস্টার।

**(খ) গ্রাহক পর্যায়ে ঋণসীমা ঃ** সর্বোচ্চ ৪,৫০,০০০/০০ (চার লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ।

**(গ) ঋণ প্রাপ্তির যোগ্যতা ঃ** একক অথবা যৌথভিত্তিতে ব্যবহারকারী পরিবার/প্রতিষ্ঠান।

**(ঘ) ঋণ ও নিজস্ব মূলধনের (ডেট ইকুইটি) অনুপাত ঃ** ব্যাংকার-কাস্টমার সম্পর্কের ভিত্তিতে নির্ধারিত হবে।

**(ঙ) গ্রাহক পর্যায়ে সুদের হার ঃ**

ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান সরাসরি গ্রাহক পর্যায়ে অর্থায়ন করলে সর্বোচ্চ ৯% [প্রচলিত ব্যাংক রেট(বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৪%]

ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক এমএফআই লিংকেজ (MRA নিবন্ধিত MFI) ব্যবহারের মাধ্যমে ক্রেডিট হোলসেলিং (Credit Wholesaling) করার ক্ষেত্রে গ্রাহক পর্যায়ে অর্থায়ন করলে সর্বোচ্চ ১১% [প্রচলিত ব্যাংক রেট (বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৬%]। তবে সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান সংশ্লিষ্ট MFI নির্বাচন, ঋণ বিতরণ, আদায় ও ঋণের সদ্ব্যবহারের দায়িত্ব পালন করবে।

ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক ঋণ প্রদানের ক্ষেত্রে গ্রাহক নির্বাচন, ঋণের প্রস্তাব তৈরীকরণ, মূল্যায়ন, মনিটরিং, আদায় ইত্যাদি সংক্রান্ত কাজে কোন কোম্পানী/প্রতিষ্ঠানকে এজেন্ট/ইন্টারমিডিয়ারী হিসেবে ব্যবহারপূর্বক গ্রাহক পর্যায়ে অর্থায়ন করলে সর্বোচ্চ ১১% [প্রচলিত ব্যাংক রেট(বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৬%]। ঋণ মঞ্জুরী এবং ঋণ বিতরণ ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান সমূহ স্ব স্ব প্রতিষ্ঠানের ঋণ নিয়মাচার বিধিবদ্ধ নিয়ম অনুসরণপূর্বক মঞ্জুরি ও আদায় করবে।

**(চ) গ্রাহক পর্যায়ে ঋণ পরিশোধের সময়কাল ও সুদ হিসাবায়ন ঃ** ঋণ গ্রহণের তারিখ হতে ৩ (তিন) মাসের গ্রেস পিরিয়ডসহ অনধিক ৪ (চার) বছরের মধ্যে সুদসহ আসল পরিশোধযোগ্য এবং মাসিক/ত্রৈমাসিক ভিত্তিতে কিস্তি আদায়যোগ্য। ক্রমহ্রাসমান পদ্ধতিতে (Reducing balance method) সুদ হিসাবায়ন করতে হবে।

**(ছ) পুনঃঅর্থায়নকৃত ঋণ পরিশোধের সময়কাল ঃ** পুনঃঅর্থায়ন গ্রহণের তারিখ হতে ৩ (তিন) মাসের গ্রেস পিরিয়ডসহ ত্রৈমাসিক ভিত্তিতে অনধিক ৪(চার) বছরের মধ্যে সুদসহ আসল পরিশোধযোগ্য ।

২.২.৩ <u>স্লারি হতে জৈবসার **(Organic manure)** প্রস্তুতঃ</u>

**(ক) গ্রাহক পর্যায়ে ঋণসীমা ঃ** সর্বোচ্চ ২,০০,০০০/০০ (দুই লক্ষ) টাকা।

**(খ) ঋণ প্রাপ্তির যোগ্যতা ঃ** একক অথবা যৌথভিত্তিতে ব্যবহারকারী পরিবার/প্রতিষ্ঠান।

**(গ) ঋণ ও নিজস্ব মূলধনের (ডেট ইকুইটি) অনুপাত ঃ** ব্যাংকার-কাস্টমার সম্পর্কের ভিত্তিতে নির্ধারিত হবে।

**(ঘ) ঋণের আওতাঃ** স্লারি শুকানো ও বাজারজাতকরণের লক্ষ্যে চাতাল নির্মাণ ও ভ্যানক্রয়।

**(ঙ) গ্রাহক পর্যায়ে সুদের হার ঃ**

ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান সরাসরি গ্রাহক পর্যায়ে অর্থায়ন করলে সর্বোচ্চ ৯% [প্রচলিত ব্যাংক রেট(বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৪%]

**(চলমান পাতা-৮)**

ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক এমএফআই লিংকেজ (MRA নিবন্ধিত MFI) ব্যবহারের মাধ্যমে ক্রেডিট হোলসেলিং (Credit Wholesaling) করার ক্ষেত্রে গ্রাহক পর্যায়ে অর্থায়ন করলে সর্বোচ্চ ১১% [প্রচলিত ব্যাংক রেট (বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৬%] তবে সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান সংশ্লিষ্ট MFI নির্বাচন, ঋণ বিতরণ, আদায় ও ঋণের সদ্ব্যবহারের দায়িত্ব পালন করবে।

ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক ঋণ প্রদানের ক্ষেত্রে গ্রাহক নির্বাচন, ঋণের প্রস্তাব তৈরীকরণ, মূল্যায়ন, মনিটরিং, আদায় ইত্যাদি সংক্রান্ত কাজে কোন কোম্পানী/প্রতিষ্ঠানকে এজেন্ট/ইন্টারমিডিয়ারী হিসেবে ব্যবহারপূর্বক গ্রাহক পর্যায়ে অর্থায়ন করলে সর্বোচ্চ ১১% [প্রচলিত ব্যাংক রেট(বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৬%]। ঋণ মঞ্জুরী এবং ঋণ বিতরণ ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান সমূহ স্ব স্ব প্রতিষ্ঠানের ঋণ নিয়মাচার বিধিবদ্ধ নিয়ম অনুসরণপূর্বক মঞ্জুরি ও আদায় করবে।

**(চ) গ্রাহক পর্যায়ে ঋণ পরিশোধের সময়কাল ও সুদ হিসাবায়ন ঃ** ঋণ গ্রহণের তারিখ হতে ৩ (তিন) মাসের গ্রেস পিরিয়ডসহ অনধিক ৪ (চার) বছরের মধ্যে সুদসহ আসল পরিশোধযোগ্য এবং মাসিক/ত্রৈমাসিক ভিত্তিতে কিস্তি আদায়যোগ্য। ক্রমহ্রাসমান পদ্ধতিতে (Reducing balance method) সুদ হিসাবায়ন করতে হবে।

**(ছ) পুনঃঅর্থায়নকৃত ঋণ পরিশোধের সময়কাল ঃ** পুনঃঅর্থায়ন গ্রহণের তারিখ হতে ৩ (তিন) মাসের গ্রেস পিরিয়ডসহ ত্রৈমাসিক ভিত্তিতে অনধিক ৪(চার) বছরের মধ্যে সুদসহ আসল পরিশোধযোগ্য ।

## ২.২.৪ মাঝারি আকারের বায়োগ্যাস (Bio-gas) প্ল্যান্ট স্থাপন ও জেনারেটরের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদনঃ

**(ক) গ্রাহক পর্যায়ে ঋণসীমা ঃ** প্রকল্প প্রতি সর্বোচ্চ ২৫,০০,০০০/০০ (পঁচিশ লক্ষ) টাকা ।

**(খ) ঋণ প্রাপ্তির যোগ্যতা ঃ** একক অথবা যৌথভিত্তিতে ব্যবহারকারী পরিবার/প্রতিষ্ঠান।

**(গ) আয়তন সীমা ঃ** বিদ্যমান পোল্ট্রি ও ডেইরি ফার্ম সমূহে বাণিজ্যিকভিত্তিতে বায়োগ্যাস উৎপাদন ও এর দ্বারা জেনারেটরের মাধ্যমে বিদুৎ উৎপাদনের জন্য সর্বোচ্চ ২২০ ঘনমিটার বায়োডাইজেস্টার।

**(ঘ) ঋণের আওতা ঃ** বায়োডাইজেস্টার এর সিভিল ওয়ার্ক, ডি-সালফারাইজেশান ও ডি-ময়েশ্চারাইজেশান মেশিন, বায়োডাইজেস্টারের থার্মাল কন্ট্রোল, বায়োফার্টিলাইজার তৈরি, বায়োগ্যাস জেনারেটর স্থাপনের প্রকৃত খরচ পুনঃঅর্থায়ন সুবিধার আওতায় আসবে।

**(ঙ) ঋণ ও নিজস্ব মূলধনের (ডেট ইকুইটি) অনুপাত ঃ** ব্যাংকার-কাস্টমার সম্পর্কের ভিত্তিতে নির্ধারিত হবে।

**(চ) গ্রাহক পর্যায়ে সুদের হার ঃ**

ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান সরাসরি গ্রাহক পর্যায়ে অর্থায়ন করলে সর্বোচ্চ ৯% [প্রচলিত ব্যাংক রেট(বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৪%]

ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক এমএফআই লিংকেজ (MRA নিবন্ধিত MFI) ব্যবহারের মাধ্যমে ক্রেডিট হোলসেলিং (Credit Wholesaling) করার ক্ষেত্রে গ্রাহক পর্যায়ে অর্থায়ন করলে সর্বোচ্চ ১১% [প্রচলিত ব্যাংক রেট (বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৬%]। তবে সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান সংশ্লিষ্ট MFI নির্বাচন, ঋণ বিতরণ, আদায় ও ঋণের সদ্ব্যবহারের দায়িত্ব পালন করবে।

ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক ঋণ প্রদানের ক্ষেত্রে গ্রাহক নির্বাচন, ঋণের প্রস্তাব তৈরীকরণ, মূল্যায়ন, মনিটরিং, আদায় ইত্যাদি সংক্রান্ত কাজে কোন কোম্পানী/প্রতিষ্ঠানকে এজেন্ট/ইন্টারমিডিয়ারী হিসেবে ব্যবহারপূর্বক গ্রাহক পর্যায়ে অর্থায়ন করলে সর্বোচ্চ ১১% [প্রচলিত ব্যাংক রেট(বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৬%] । ঋণ মঞ্জুরী এবং ঋণ বিতরণ ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান সমূহ স্ব স্ব প্রতিষ্ঠানের ঋণ নিয়মাচার বিধিবদ্ধ নিয়ম অনুসরণপূর্বক মঞ্জুরি ও আদায় করবে।

**(চলমান পাতা-৯)**

**(ছ) গ্রাহক পর্যায়ে ঋণ পরিশোধের সময়কাল ও সুদ হিসাবায়ন ঃ** ঋণ গ্রহণের তারিখ হতে ৬(ছয়) মাসের গ্রেস পিরিয়ডসহ অনধিক ৫(পাঁচ) বছরের মধ্যে সুদসহ আসল পরিশোধযোগ্য এবং মাসিক/ত্রৈমাসিক ভিত্তিতে কিস্তি আদায়যোগ্য। ক্রমহ্রাসমান পদ্ধতিতে (Reducing balance method) সুদ হিসাবায়ন করতে হবে।

**(জ) পুনঃঅর্থায়নকৃত ঋণ পরিশোধের সময়কাল ঃ** পুনঃঅর্থায়ন গ্রহণের তারিখ হতে ৬ (ছয়) মাসের গ্রেস পিরিয়ডসহ ত্রৈমাসিক ভিত্তিতে অনধিক ৫(পাঁচ) বছরের মধ্যে সুদসহ আসল পরিশোধযোগ্য ।

## ২.৩ বর্জ্য পরিশোধন প্ল্যান্ট (Effluent Treatment Plant)

পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ অনুযায়ী যে সমস্ত শিল্প কারখানায় উৎপাদন প্রক্রিয়ায় তরল বর্জ্য উৎপন্ন হয় (যেমনঃ টেক্সটাইল ডাইং, ফার্মাসিউটিক্যাল, গার্মেন্টস ওয়াশিং, সার, কাগজ, ডিস্টিলারি, চিনি উৎপাদন কারখানা ইত্যাদি) সে সকল শিল্প কারখানায় বর্জ্য পরিশোধন প্ল্যান্ট (ETP) স্থাপন বাধ্যতামূলক। ঐ সকল শিল্প কারখানায় বর্জ্য পরিশোধন প্ল্যান্ট (ETP) স্থাপনের বিপরীতে এই পুনঃঅর্থায়ন সুবিধা প্রযোজ্য হবে।

### ২.৩.১ অবকাঠামো নির্মাণসহ বায়োলজিক্যাল ETP অথবা বায়োলজিক্যাল ও কেমিক্যাল সমন্বিত ETP স্থাপন

প্রাকৃতিক জলাধার সংরক্ষণের বিষয়টি বিবেচনায় নিয়ে তরল বর্জ্য নির্গমনকারী প্রতিষ্ঠান সমূহকে বায়োলজিক্যাল ইটিপি স্থাপনের প্রেক্ষিতে পুনঃঅর্থায়ন সুবিধায় অগ্রাধিকার প্রদান করা হবে।

যে সকল প্রতিষ্ঠান ইতোপূর্বে কেমিক্যাল ইটিপি স্থাপন করেছে তারা ঋণ সমন্বয় সাপেক্ষে কেমিক্যাল ইটিপিকে বায়োলজিক্যাল ইটিপিতে রূপান্তরে পুনঃঅর্থায়ন সুবিধা প্রাপ্য হবে। এক্ষেত্রে সিভিল ওয়ার্ক এবং আমদানীব্যয়ের বিষয়টি (সবোর্চ্চ এক কোটি টাকা পর্যন্ত) পুনঃঅর্থায়ন সুবিধার আওতায় আসবে।

**(ক) কারখানার উৎপাদন ক্ষমতা ঃ** দৈনিক সর্বনিম্ন ৫ টন থেকে সর্বোচ্চ ২০ টন পর্যন্ত।

**(খ) ETP-এর পরিশোধন ক্ষমতা ঃ** দৈনিক সর্বনিম্ন ৫০০ ঘনমিটার থেকে সর্বোচ্চ ২৫০০ ঘনমিটার।

**(গ) গ্রাহক পর্যায়ে ঋণসীমা ঃ**

| | |
|---|---|
| ক) বায়োলজিক্যাল ETP স্থাপন। | সর্বোচ্চ ৪,০০,০০,০০০/০০ (চার কোটি) টাকা |
| খ) বায়োলজিক্যাল ও কেমিক্যাল এর সমন্বিত প্রযুক্তির ETP স্থাপন। | সর্বোচ্চ ২,০০,০০,০০০/০০ (দুই কোটি) টাকা |
| গ) কেমিক্যাল ETP সমূহকে বায়োলজিক্যাল ও কেমিক্যাল এর সমন্বিত প্রযুক্তির ETP ব্যবস্থায় রূপান্তরকরণ | সর্বোচ্চ ১,০০,০০,০০০/০০ (এক কোটি) টাকা |

**(ঘ) ঋণ প্রাপ্তির যোগ্যতা ঃ** পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ অনুযায়ী যে সমস্ত শিল্প কারখানায় বর্জ্য পরিশোধন প্ল্যান্ট (ETP) স্থাপন বাধ্যতামূলক এমন শিল্প প্রতিষ্ঠান।

**(ঙ) ঋণ ও নিজস্ব মূলধনের (ডেট ইকুইটি) অনুপাত ঃ** ব্যাংকার-কাস্টমার সম্পর্কের ভিত্তিতে নির্ধারিত হবে।

**(চ) গ্রাহক পর্যায়ে সুদের হার ঃ** সর্বোচ্চ ৯% [প্রচলিত ব্যাংক রেট(বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৪%]

**(চলমান পাতা-১০)**

**(ছ) গ্রাহক পর্যায়ে ঋণ পরিশোধের সময়কাল ঃ** ঋণ গ্রহণের তারিখ হতে ৬ (ছয়) মাসের গ্রেস পিরিয়ডসহ অনধিক ৫ (পাঁচ) বছরের মধ্যে সুদসহ আসল পরিশোধযোগ্য ।

**(জ) পুনঃঅর্থায়নকৃত ঋণ পরিশোধের সময়কাল ঃ** পুনঃঅর্থায়ন গ্রহণের তারিখ হতে ত্রৈমাসিক ভিত্তিতে ৬ (ছয়) মাসের গ্রেস পিরিয়ডসহ অনধিক ৫ (পাঁচ) বছরের মধ্যে সুদসহ আসল পরিশোধযোগ্য ।

**(ঝ) কর্ম সম্পাদন ঃ** গ্রাহক পর্যায়ে ঋণের প্রথম কিস্তি গ্রহণের ৬ (ছয়) মাসের মধ্যে ETP স্থাপনের কাজ সম্পন্ন করার বিষয়টি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক নিশ্চিত করতে হবে।

**(ঞ) ঋণের আওতাঃ** ETP স্থাপনের প্রকৃত ব্যয় (অবকাঠামো নির্মান, পাইপিং এবং যন্ত্রাংশ বাবদ ব্যয়)-এর জন্য ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান সমূহ কর্তৃক প্রদত্ত ঋণের বিপরীতে ব্যাংকসমূহ এককালীন পুনঃঅর্থায়নের আবেদন করতে হবে। কনসালট্যান্ট এবং মেরামত সংক্রান্ত সম্ভাব্য ব্যয় পুনঃঅর্থায়ন সুবিধার আওতায় আসবে না।

**২.৪ <u>কেঁচো কম্পোস্ট সার (Vermicompost) উৎপাদনঃ</u>** ফসলের উৎপাদন বৃদ্ধি ও মাটির উর্বরতা শক্তিকে ধরে রাখার জন্য কেঁচো কম্পোস্ট সারের বাণিজ্যিক উৎপাদনকে উৎসাহিত করার লক্ষ্যে এখাতে ব্যাংক অর্থায়নে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হবেঃ

**(ক) ঋণ সীমা এবং ঋণের আওতা ঃ** ২টি গরু ক্রয়সহ কেঁচো কম্পোস্ট সার তৈরির জন্য ২,৯০,০০০/০০ (দুই লক্ষ নব্বই হাজার) টাকা এবং শুধু কেঁচো কম্পোস্ট সার তৈরির জন্য ৯০,০০০/০০ (নব্বই হাজার) টাকা।

| গরু ক্রয় ২টি | মাটির চাড়ি ক্রয়/হাউস নির্মাণ | কেঁচো ক্রয় (৩ কেজি) | ঘর তৈরি/ শেড নির্মাণ | অন্যান্য খরচ | গরু ক্রয়সহ মোট খরচ | গরু ক্রয়ব্যতীত মোট খরচ |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ২,০০,০০০/০০ | ৩০,০০০/০০ | ১০,০০০/০০ | ৪৯,০০০/০০ | ১,০০০/০০ | ২,৯০,০০০/০০ | ৯০,০০০/০০ |

**(খ) গ্রাহক পর্যায়ে সুদের হার ঃ** সর্বোচ্চ ৯% [প্রচলিত ব্যাংক রেট(বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৪%]

**(গ) গ্রাহক পর্যায়ে ঋণ পরিশোধের সময়কাল ও সুদ হিসাবায়ন ঃ** ঋণ গ্রহণের তারিখ হতে ৩ (তিন) মাসের গ্রেস পিরিয়ডসহ অনধিক ৪(চার) বছরের মধ্যে সুদসহ আসল পরিশোধযোগ্য এবং মাসিক/ত্রৈমাসিক ভিত্তিতে কিস্তি আদায়যোগ্য। ক্রমহ্রাসমান পদ্ধতিতে (Reducing balance method) সুদ হিসাবায়ন করতে হবে।

**(ঘ) পুনঃঅর্থায়নকৃত ঋণ পরিশোধের সময়কাল ঃ** পুনঃঅর্থায়ন গ্রহণের তারিখ হতে ৩ (তিন) মাসের গ্রেস পিরিয়ডসহ অনধিক ৪(চার) বছরের মধ্যে পরিশোধযোগ্য।

(ঙ) **ঋণ ও নিজস্ব মূলধনের (ডেট ইকুইটি) অনুপাত ঃ** ব্যাংকার-কাস্টমার সম্পর্কের ভিত্তিতে নির্ধারিত হবে।

**<u>(চলমান পাতা-১১)</u>**

২.৫ **<u>জলবিদ্যুৎ প্লান্ট (পিকো, মাইক্রো ও মিনি)ঃ</u>** চট্টগ্রাম ও সিলেট বিভাগসহ স্থাপনযোগ্য দেশের যে কোন এলাকায় পিকো (১ KW হতে ৫ KWপর্যন্ত), মাইক্রো (৬ KW হতে ১২০ KWপর্যন্ত) এবং মিনি (১২১ KW হতে ৫০০ KW) জলবিদ্যুৎ প্লান্ট স্থাপনের মাধ্যমে দেশের ক্রমবর্ধমান জ্বালানি সমস্যা সমাধানে সহায়তার নিমিত্ত ব্যাংক অর্থায়নে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হবেঃ

**(ক) ঋণ সীমা ঃ** জলবিদ্যুৎ প্লান্ট সমূহের উৎপাদন ক্ষমতার ভিত্তিতে সর্বোচ্চ ৫০,০০,০০০/০০ (পঞ্চাশ লক্ষ) টাকা পর্যন্ত ঋণসীমা পুনঃঅর্থায়নের আওতায় আসবে।

**(খ) গ্রাহক পর্যায়ে সুদের হার ঃ** সর্বোচ্চ ৯% [প্রচলিত ব্যাংক রেট(বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৪%]

**(গ) গ্রাহক পর্যায়ে ঋণ পরিশোধের সময়কাল ও সুদ হিসাবায়ন ঃ** ঋণ গ্রহণের তারিখ হতে ৬(ছয়) মাসের গ্রেস পিরিয়ডসহ অনধিক ৫(পাঁচ) বছরের মধ্যে সুদসহ আসল পরিশোধযোগ্য এবং মাসিক/ত্রৈমাসিক ভিত্তিতে কিস্তি আদায়যোগ্য। ক্রমহ্রাসমান পদ্ধতিতে (Reducing balance method) সুদ হিসাবায়ন করতে হবে।

**(ঘ) পুনঃঅর্থায়নকৃত ঋণ পরিশোধের সময়কাল ঃ** পুনঃঅর্থায়ন গ্রহণের তারিখ হতে ৬ (ছয়) মাসের গ্রেস পিরিয়ডসহ অনধিক ৫ (পাঁচ) বছরের মধ্যে পরিশোধযোগ্য।

(ঙ) **ঋণ ও নিজস্ব মূলধনের (ডেট ইকুইটি) অনুপাত ঃ** ব্যাংকার-কাস্টমার সম্পর্কের ভিত্তিতে নির্ধারিত হবে।

২.৬ **<u>সনাতন পদ্ধতির চুন চুল্লীগুলোকে উন্নত প্রযুক্তির চুল্লী দ্বারা প্রতিস্থাপনঃ</u>** জাতীয় সম্পদ গ্যাস সাশ্রয়ের জন্য সনাতন পদ্ধতিতে পরিচালিত চুন চুল্লীসমূহকে উন্নত ও জ্বালানি দক্ষ প্রযুক্তিসম্পন্ন চুল্লী দ্বারা প্রতিস্থাপনের ক্ষেত্রে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হবে।

**(ক) ঋণ সীমা ঃ** চুন চুল্লীসমূহের উৎপাদন ক্ষমতা অনুযায়ী সর্বোচ্চ ৩৫,০০,০০০/০০ (পঁয়ত্রিশ লক্ষ) টাকা পর্যন্ত পুনঃঅর্থায়নের আওতায় আসবে।

**(খ) গ্রাহক পর্যায়ে সুদের হার ঃ** সর্বোচ্চ ৯% [প্রচলিত ব্যাংক রেট(বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৪%]

**(গ) গ্রাহক পর্যায়ে ঋণ পরিশোধের সময়কাল ও সুদ হিসাবায়ন ঃ** ঋণ গ্রহণের তারিখ হতে ৬ (ছয়) মাসের গ্রেস পিরিয়ডসহ অনধিক ৫ (পাঁচ) বছরের মধ্যে সুদসহ আসল পরিশোধযোগ্য এবং মাসিক/ত্রৈমাসিক ভিত্তিতে কিস্তি আদায়যোগ্য। ক্রমহ্রাসমান পদ্ধতিতে (Reducing balance method) সুদ হিসাবায়ন করতে হবে।

**(ঘ) পুনঃঅর্থায়নকৃত ঋণ পরিশোধের সময়কাল ঃ** পুনঃঅর্থায়ন গ্রহণের তারিখ হতে ৬ (ছয়) মাসের গ্রেস পিরিয়ডসহ অনধিক ৫ (পাঁচ) বছরের মধ্যে ত্রৈমাসিক ভিত্তিতে সুদসহ আসল পরিশোধযোগ্য।

(ঙ) **ঋণ ও নিজস্ব মূলধনের (ডেট ইক্যুইটি) অনুপাত ঃ** ব্যাংকার-কাস্টমার সম্পর্কের ভিত্তিতে নির্ধারিত হবে।

২.৭ **<u>PET বোতল পুনঃপ্রক্রিয়াজাতকরণ প্লান্ট, সৌর ব্যাটারী পুনঃপ্রক্রিয়াজাতকরণ প্লান্ট, LED প্রযুক্তিসম্পন্ন বাল্ব উৎপাদন প্লান্টঃ</u>** পরিবেশ সংরক্ষণ ও জ্বালানি সাশ্রয়ের স্বার্থ বিবেচনায় নিয়ে PET বোতল পুনঃপ্রক্রিয়াজাতকরণ প্লান্ট, সৌর ব্যাটারী পুনঃপ্রক্রিয়াজাতকরণ প্লান্ট, LED প্রযুক্তিসম্পন্ন বাল্ব উৎপাদন প্লান্ট ইত্যাদি স্থাপনে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হবে। তবে PET বোতল পুনঃপ্রক্রিয়াজাতকরণ প্লান্ট স্থাপনের ক্ষেত্রে উৎপাদিত রেজিন শুধুমাত্র রপ্তানী ও দেশীয় বাজারের ক্ষেত্রে আসবাবপত্র তৈরি অথবা গার্মেন্টস সেক্টরের কাঁচামাল হিসেবে ব্যবহার করতে হবে এবং কোন অবস্থাতেই তা ফুড গ্রেড সামগ্রী তৈরির কাজে ব্যবহার করা যাবে না।

**<u>(চলমান পাতা-১২)</u>**

**(ক) ঋণ সীমা ঃ**

| | |
|---|---|
| PET বোতল পুনঃপ্রক্রিয়াজাতকরণ প্লান্ট | সর্বোচ্চ ৫,০০,০০,০০০/০০ (পাঁচ কোটি) টাকা |
| সৌর ব্যাটারী পুনঃপ্রক্রিয়াজাতকরণ প্লান্ট | সর্বোচ্চ ১,০০,০০,০০০/০০ (এক কোটি) টাকা |
| LED প্রযুক্তিসম্পন্ন বাল্ব উৎপাদন প্লান্ট | সর্বোচ্চ ৫,০০,০০,০০০/০০ (পাঁচ কোটি) টাকা |

**(খ) গ্রাহক পর্যায়ে সুদের হার ঃ** সর্বোচ্চ ৯% [প্রচলিত ব্যাংক রেট(বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৪%]

**(গ) গ্রাহক পর্যায়ে ঋণ পরিশোধের সময়কাল ও সুদ হিসাবায়ন ঃ** ঋণ গ্রহণের তারিখ হতে ৬(ছয়) মাসের গ্রেস পিরিয়ডসহ অনধিক ৫(পাঁচ) বছরের মধ্যে সুদসহ আসল পরিশোধযোগ্য এবং মাসিক/ত্রৈমাসিক ভিত্তিতে কিস্তি আদায়যোগ্য। ক্রমহ্রাসমান পদ্ধতিতে (Reducing balance method) সুদ হিসাবায়ন করতে হবে।

**(ঘ) পুনঃঅর্থায়নকৃত ঋণ পরিশোধের সময়কাল ঃ** পুনঃঅর্থায়ন গ্রহণের তারিখ হতে ৬ (ছয়) মাসের গ্রেস পিরিয়ডসহ অনধিক ৫ (পাঁচ) বছরের মধ্যে পরিশোধযোগ্য।

**(ঙ) ঋণ ও নিজস্ব মূলধনের (ডেট ইকুইটি) অনুপাত ঃ** ব্যাংকার-কাস্টমার সম্পর্কের ভিত্তিতে নির্ধারিত হবে।

**২.৮. <u>ইটভাটায় Hybrid Hoffman Kiln (HHK)/Tunnel Kiln/সমমানের প্রযুক্তিসম্পন্ন প্ল্যান্ট স্থাপন খাতের বৈশিষ্ট্য ও শর্তাবলী নিম্নরূপঃ</u>**

**(ক) ইটভাটার ক্ষমতাঃ** সিঙ্গেল Kiln বা ডাবল Kiln (বছরে ১৫ মিলিয়ন হতে ৩০ মিলিয়ন ইট তৈরীতে সক্ষম)

**(খ) গ্রাহক পর্যায়ে ঋণসীমা ঃ**

(১) নতুন প্রকল্পের ক্ষেত্রে প্রকল্প প্রতি পুনঃঅর্থায়নসীমা সর্বোচ্চ ৫,০০,০০,০০০/০০ (পাঁচ কোটি) টাকা।
(২) প্রচলিত দেশীয় পদ্ধতিতে পরিচালিত ইটভাটা (FCK) সমূহকে Zig-Zag/VSBK পদ্ধতির ইট ভাটায় রূপান্তরের ক্ষেত্রে সর্বোচ্চ ৫০,০০,০০০/০০ (পঞ্চাশ লক্ষ) টাকা।

**(গ) ঋণ প্রাপ্তির যোগ্যতা ঃ**

(১) ইটভাটায় Hybrid Hoffman Kiln (HHK)/Tunnel Kiln/সমমানের প্রযুক্তি সম্পন্ন প্ল্যান্ট স্থাপন করতে হবে।
(২) প্রচলিত দেশীয় পদ্ধতিতে পরিচালিত ইটভাটা (FCK) সমূহকে Zig-Zag/VSBK পদ্ধতির ইট ভাটায় রূপান্তরের ক্ষেত্রে এ ঋণ সুবিধা প্রযোজ্য হবে।

**(ঘ) ঋণ ও নিজস্ব মূলধনের (ডেট ইকুইটি) অনুপাত ঃ** ব্যাংকার-কাস্টমার সম্পর্কের ভিত্তিতে নির্ধারিত হবে।

**(ঙ) গ্রাহক পর্যায়ে সুদের হারঃ** পুনঃঅর্থায়নের জন্য বিবেচ্য অর্থায়ন অংশের ক্ষেত্রে গ্রাহক পর্যায়ে সুদের হার হবে সর্বোচ্চ ৯% [প্রচলিত ব্যাংক রেট (বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৪%]

**(চ) গ্রাহক পর্যায়ে ঋণ পরিশোধের সময়কাল ঃ** পুনঃঅর্থায়নের জন্য বিবেচ্য অর্থায়ন অংশের ক্ষেত্রে ঋণ গ্রহণের তারিখ হতে ৯ (নয়) মাসের গ্রেস পিরিয়ডসহ অনধিক ৫ (পাঁচ) বছরের মধ্যে সুদসহ আসল পরিশোধযোগ্য ।

**(ছ) পুনঃঅর্থায়নকৃত ঋণ পরিশোধের সময়কাল ঃ** পুনঃঅর্থায়ন গ্রহণের তারিখ হতে ত্রৈমাসিক ভিত্তিতে ৯ (নয়) মাসের গ্রেস পিরিয়ডসহ অনধিক ৫ (পাঁচ) বছরের মধ্যে সুদসহ আসল পরিশোধযোগ্য।

**(জ) কর্ম সম্পাদন ঃ** ইটভাটায় Hybrid Hoffman Kiln (HHK)/Tunnel Kiln/সমমানের প্রযুক্তি সম্পন্ন প্ল্যান্ট স্থাপনের উদ্দেশ্যে ব্যাংক কর্তৃক যে তারিখে অর্থায়ন করা হবে সেই তারিখ থেকে ৯(নয়) মাসের মধ্যে নির্ধারিত কাজ সম্পন্ন করতে হবে।

**(চলমান পাতা-১৩)**

**(ঝ) ঋণের আওতাঃ** ইটভাটায় Hybrid Hoffman Kiln (HHK)/Tunnel Kiln/সমমানের প্রযুক্তি সম্পন্ন প্ল্যান্ট স্থাপনের প্রকৃত ব্যয় (অবকাঠামো নির্মান, এবং যন্ত্রাংশ ক্রয়)-এর জন্য ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক প্রদত্ত ঋণের বিপরীতে এককালীন পুনঃঅর্থায়নের আবেদন করতে পারবে। কনসালট্যান্ট এবং মেরামত সংক্রান্ত সম্ভাব্য ব্যয় এবং চলতি মূলধন বাবদ ব্যয় উপরোক্ত পুনঃঅর্থায়ন সুবিধার আওতায় আসবে না।

**(ঞ) অন্যান্য কর্তৃপক্ষের নির্দেশনাঃ** পরিবেশ অধিদপ্তর ও অন্যান্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় জারিকৃত এ ক্ষেত্রে প্রযোজ্য সকল নির্দেশনার যথা পরিপালন ঋণ বিতরণের পূর্বেই নিশ্চিত করতে হবে।

**০৩. গ্রাহক পর্যায়ে ঋণ পরিশোধের সময়কাল ও সুদ হিসাবায়ন ঃ**

ক. নির্ধারিত সময়ের মধ্যে উপরোল্লিখিত শর্তাদি অনুযায়ী সুদসহ ঋণের সমুদয় অর্থ গ্রাহক কর্তৃক সংশ্লিষ্ট খাতের পরিশোধসূচী অনুযায়ী পরিশোধযোগ্য হবে। নির্ধারিত সময়ের মধ্যে সমুদয় ঋণ পরিশোধিত না হলে অতিরিক্ত সময়ের জন্য ব্যাংক অনাদায়ী বকেয়ার ওপর নিজস্ব নীতিমালা অনুযায়ী সুদ ধার্য করতে পারবে।

খ. সুদ হিসাবায়নের ক্ষেত্রে কোন ধরণের লুকায়িত খরচ হিসাব করা যাবে না।

গ. গ্রাহকের উপর কোন ধরনের সার্ভিস চার্জ আরোপ করা যাবে না।

**০৪. পুনঃঅর্থায়ন গ্রহণের যোগ্যতা ঃ**

ক. আলোচ্য স্কীমের আওতায় পুনঃঅর্থায়ন গ্রহণে আগ্রহী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান সমূহকে মহাব্যবস্থাপক, গ্রিন ব্যাংকিং এন্ড সিএসআর ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়-এর সাথে একটি অংশগ্রহণ চুক্তি (Participation Agreement) সম্পাদন করতে হবে। এ চুক্তি মোতাবেক সুদসহ ঋণ পরিশোধ নিশ্চিত করতে হবে এবং এ মর্মে তাদেরকে আলাদাভাবে ডিপি নোট (প্রতিশ্রুতি পত্র) সম্পাদন করতে হবে।

খ. আবেদন প্রক্রিয়াঃ

(১) ৪(চার) বৎসরের উর্দ্ধে প্রকল্প ঋণের ক্ষেত্রে প্রকল্প চালু হওয়ার পরবর্তী ৩০(ত্রিশ) দিনের মধ্যে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহ বিতরণকৃত ঋণের বিপরীতে পুনঃঅর্থায়নের জন্য বাংলাদেশ ব্যাংকে আবেদন করবে।

(২) ৪(চার) বৎসর ও এর নিম্নে প্রকল্প ঋণের ক্ষেত্রে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহ বাংলাদেশ ব্যাংকের নির্ধারিত ছকে প্রতি ০৩ (তিন) মাস অন্তর আলোচ্য স্কীমের আওতায় প্রতি ত্রৈমাসিক শেষে পরবর্তী ১৫ দিনের মধ্যে বাংলাদেশ ব্যাংকে আবেদন করবে। আবেদনের সময়ে প্রদত্ত ঋণের মঞ্জুরীপত্রসহ (প্রযোজ্য ক্ষেত্রে অত্রসাথে সংযোজিত ছক অনুযায়ী) প্রয়োজনীয় তথ্যাদি দাখিল করতে হবে।

গ. ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান সমূহকে এ স্কীমের আওতায় বিতরণকৃত ঋণের সর্বোচ্চ ১০০% পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হবে। এক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের সিদ্ধান্তই চূড়ান্ত মর্মে গণ্য হবে। পুনঃঅর্থায়ন সুবিধা 'আগে আসলে আগে পাবেন' ভিত্তিতে প্রদেয় হবে।

**০৫. ঋণের সদ্ব্যবহার ও তথ্য সরবরাহ**

ক. পুনঃঅর্থায়ন বাবদ গৃহীতঋণের সদ্ব্যবহার সম্পর্কে বাংলাদেশ ব্যাংকের চাহিদা মোতাবেক প্রয়োজনীয় তথ্য/বিবরণী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান সমূহ সরবরাহ করবে।

খ. কোন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান যদি ভুল তথ্য প্রদানের মাধ্যমে আলোচ্য স্কীমের আওতায় পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণ করেছে মর্মে বাংলাদেশ ব্যাংকের নিকট বিবেচিত হলে উক্তরূপে গৃহীত অর্থ প্রচলিত ব্যাংক রেট অপেক্ষা ৫% অধিক হারে সুদসহ এককালীন আদায়যোগ্য হবে।

গ. পুনঃঅর্থায়নকৃত ঋণের সদ্ব্যবহারের বিষয়টি বাংলাদেশ ব্যাংক সময় সময় সরেজমিনে যাচাই করবে। এ রূপ যাচাইয়ে যদি প্রমাণিত হয় যে, বিতরণকৃত ঋণের সদ্ব্যবহার হয়নি সে ক্ষেত্রে পুনঃঅর্থায়ন বাবদ গৃহীত অর্থ সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান হতে প্রচলিত ব্যাংক রেট অপেক্ষা ৫% অধিক হারে সুদসহ এককালীন আদায়যোগ্য হবে।

(চলমান পাতা-১৪)

০৬. **আদায়**

ক. বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত পুনঃঅর্থায়নের উপর প্রচলিত ব্যাংক রেটে সুদ ধার্য হবে।

খ. পুনঃঅর্থায়ন বাবদ গৃহীত ঋণ ব্যাংক কর্তৃক ঋণ গ্রহণের তারিখ থেকে ত্রৈমাসিক কিস্তিতে নির্ধারিত সময়ের মধ্যে সুদসহ পরিশোধযোগ্য হবে।

গ. পরিশোধসূচী অনুযায়ী নির্ধারিত তারিখে সুদসহ পুনঃঅর্থায়িত ঋণের পরিশোধযোগ্য কিস্তি বাংলাদেশ ব্যাংকে রক্ষিত সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের চলতি হিসাব থেকে সুদসহ কর্তন করে নেয়া হবে।

ঘ. নির্ধারিত সময়ের পূর্বে কোন গ্রাহক ঋণ সমন্বয় করলে যে সময়ের জন্য গ্রাহক উক্ত ঋণ সুবিধা গ্রহণ করেছে, পুনঃঅর্থায়ন সুবিধাও উক্ত সময়ের জন্য প্রযোজ্য হবে। এ ক্ষেত্রে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান সমূহকে ঋণ সমন্বয় হওয়ামাত্রই গ্রাহকের Loan account statement সহ ঋণ সমন্বয়ের বিষয়টি বাংলাদেশ ব্যাংককে অবহিত করতে হবে। মেয়াদ পূর্তির পূর্বে ঋণ সমন্বয়ের জন্য গ্রাহক পর্যায়ে কোন প্রকার চার্জ আদায় করা যাবে না।

০৭. **বিশেষ শর্তাবলী**

ক. ঋণগ্রহীতা নির্বাচন, ঋণ মঞ্জুরী, বিতরণ, দলিল সম্পাদন, ডেট ইক্যুইটি অনুপাত, ঋণের সদ্ব্যবহার ও তদারকীর বিষয় ঋণপ্রদানকারী ব্যাংক/নিজস্ব বিধি-বিধান ও ব্যাংক-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে নির্ধারিত হবে।

খ. বিতরণকৃত ঋণ আদায়ের সকল দায়-দায়িত্ব ঋণ বিতরণকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান সমূহের উপর ন্যস্ত থাকবে। গ্রাহক পর্যায়ে ঋণ আদায়ের সাথে বাংলাদেশ ব্যাংকের পাওনাকে সম্পর্কিত করা যাবে না।

গ. অত্র স্কীমের আওতায় পুনঃঅর্থায়ন সুবিধা পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত তহবিলের প্রাপ্যতা সাপেক্ষে প্রযোজ্য হবে।

ঘ. স্কীমের শর্তাদি বা তহবিল-এর বিষয়ে যে কোনো সংযোজন, বিয়োজন এবং পরিমার্জনের অধিকার বাংলাদেশ ব্যাংক সংরক্ষণ করে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তিস্বীকার করবেন ।

আপনাদের বিশ্বস্ত,

(খন্দকার মোরশেদ মিল্লাত)
উপ-মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০২৯২
ফ্যাক্স ঃ ৯৫৩০৩২৭
E-mail: morshed.millat@bb.org.bd

ফরম নংঃ জিবিসিএসআরডি-০১

## সৌর শক্তি খাতে পুনঃঅর্থায়নের জন্য বিতরণকৃত ঋণের বিবরনী (---------- ত্রৈমাসিক,২০১৩)

| ক্রমিক নং | উদ্যোক্তা / প্রকল্প এর নামসহ মালিক/ পরিচালকমন্ডলীর নাম | উদ্যোক্তা প্রতিষ্ঠান/ প্রকল্পের অবস্থান /ঠিকানা | প্রকল্পের প্রকৃতি | | কোন কোম্পানী/প্রতিষ্ঠানকে এজেন্ট/মধ্যস্থতাকারী হিসাবে ব্যবহার করা হলে তার নাম ও ঠিকানা | এজেন্ট/ মধ্যস্থতাকারী প্রতিষ্ঠান এর মাধ্যমে অর্থায়ন করা হলে তাদের ক্ষেত্রে সুদের হার | বিতরণকারী শাখার নাম ও ঠিকানা | বিতরণের তারিখ | বিতরণকৃত ঋণের পরিমাণ | গ্রাহক পর্যায়ে সুদের হার | জামানত/ জামানতবিহীন (জামানত নেয়া হলে তার বর্ণনা ও বাজার মূল্য) | ঋণের মেয়াদকাল | উৎপাদন ক্ষমতা ($W_p$) | প্রাপ্ত বিদ্যুতের পরিমান ($W_p$) | উৎপাদিত বিদ্যুৎ এর ব্যবহার | সৌর প্যানেলের ইউনিক কোড নং |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | গৃহস্থালী (একক/যৌথ ভিত্তিতে) | বাণিজ্যিক (পরিবার/ প্রতিষ্ঠান) | | | | | | | | | | | | |
| ১. | ২. | ৩. | ৪. | ৫. | ৬. | ৭. | ৮. | ৯. | ১০. | ১১. | ১২. | ১৩. | ১৪. | ১৫. | ১৬. | ১৭ |

ফরম নংঃ জিবিসিএসআরডি-০২

## বায়ো গ্যাস খাতে পুনঃঅর্থায়নের জন্য বিতরণকৃত ঋণের বিবরনী (---------- ত্রৈমাসিক,২০১৩)

| ক্রঃ নং | উদ্যোক্তা / প্রকল্প এর নামসহ মালিক/ পরিচালক মন্ডলীর নাম | উদ্যোক্তা প্রতিষ্ঠান/ প্রকল্পের অবস্থান /ঠিকানা | প্রকল্পের প্রকৃতি | | কোন কোম্পানী/ প্রতিষ্ঠানকে এজেন্ট/ মধ্যস্থতাকারী হিসাবে ব্যবহার করা হলে তার নাম ও ঠিকানা | এজেন্ট/ মধ্যস্থতাকারী প্রতিষ্ঠান এর মাধ্যমে অর্থায়ন করা হলে সুদের হার | বিতরণকারী শাখার নাম ও ঠিকানা | বিতরণের তারিখ | বিতরণকৃত ঋণের পরিমাণ | গ্রাহক পর্যায়ে সুদের হার | জামানত/ জামানতবিহীন (জামানত নেয়া হলে তার বর্ণনা ও বাজার মূল্য) | ঋণের মেয়াদ কাল | অর্থায়িত গরুর সংখ্যা | আয়তন সীমা/ উৎপাদন ক্ষমতা | উৎপাদিত গ্যাস এর ব্যবহার | প্রকল্পটি শেষ হওয়ার সম্ভাব্য তারিখ | ব্যবহারকারী/ সুবিধা ভোগী পরিবার/ প্রতিষ্ঠান এর সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | গৃহস্থালী (একক/ যৌথ ভিত্তিতে | বাণিজ্যিক পরিবার/ প্রতিষ্ঠান | | | | | | | | | | | | | |
| ১. | ২. | ৩. | ৪. | ৫. | ৬. | ৭. | ৮. | ৯. | ১০. | ১১. | ১২. | ১৩. | ১৪. | ১৫. | ১৬. | ১৭ | ১৮ |

ফরম নংঃ জিবিসিএসআরডি-০৩

## ইটিপি খাতে পুনঃঅর্থায়নের জন্য বিতরণকৃত ঋণের বিবরনী (----------, ২০১৩)

| ক্রমিক নং | উদ্যোক্তা / প্রকল্প এর নামসহ মালিক/ পরিচালকমন্ডলীর নাম | উদ্যোক্তা প্রতিষ্ঠান/ প্রকল্পের অবস্থান /ঠিকানা | প্রকল্পের প্রকৃতি | কারখানার দৈনিক উৎপাদন ক্ষমতা | কারখানার দৈনিক পরিশোধন ক্ষমতা | বিতরণকারী শাখার নাম ও ঠিকানা | বিতরণের তারিখ | বিতরণকৃত ঋণের পরিমাণ | গ্রাহক পর্যায়ে সুদের হার | জামানত/ জামানতবিহীন (জামানত নেয়া হলে তার বর্ণনা ও বাজার মূল্য) | ঋণের মেয়াদকাল | গ্রাহক পর্যায়ে ঋণ পরিশোধের সময়সূচী | ইটিপি স্থাপনের প্রকৃত ব্যয় | ইটিপি স্থাপনের কাজ শুরু হওয়ার তারিখ | ইটিপি স্থাপনের কাজ শেষ হওয়ার সম্ভাব্য তারিখ তারিখ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | বায়োলজিক্যাল/কেমিক্যাল/ বায়োলজিক্যাল ও কেমিক্যালের সমন্বয় | | | | | | | | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |

ফরম নং জিবিসিএসআরডি -০৪

**ইট ভাটায় HHK/সমমান প্রযুক্তি সম্পন্ন প্লান্ট স্থাপন খাতে পুনঃঅর্থায়নের জন্য বিতরণকৃত ঋণের বিবরনী (----------,২০১৩)**

| ক্রমিক নং | উদ্যোক্তা / প্রকল্পের এর নামসহ মালিক/ পরিচালকমন্ডলীর নাম | উদ্যোক্তা প্রতিষ্ঠান/ প্রকল্পের অবস্থান /ঠিকানা | প্রকল্পে ব্যবহৃত চুল্লীর প্রকৃতি | | প্রকল্পের বাৎসরিক ইট উৎপাদন ক্ষমতা | বিতরণকারী শাখার নাম ও ঠিকানা | ঋণ বিতরণের তারিখ | বিতরণকৃত ঋণের পরিমাণ | ঋণের মেয়াদকাল | গ্রাহক পর্যায়ে সুদের হার | জামানত/ জামানতবিহীন (জামানত নেয়া হলে তার বর্ণনা ও বাজার মূল্য) | গ্রাহক পর্যায়ে ঋণ পরিশোধের সময়সূচী | প্রকল্পের স্থাপনের প্রকৃত ব্যয় | প্রকল্পের স্থাপনের কাজ শুরু হওয়ার তারিখ | প্রকল্পের স্থাপনের কাজ শেষ হওয়ার সম্ভাব্য তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | সিঙ্গেল | ডাবল | | | | | | | | | | | | |
| ১. | ২. | ৩. | ৪. | ৫. | ৬. | ৭. | ৮. | ৯. | ১০. | ১১. | ১২. | ১৩. | ১৪. | ১৫. | ১৬. | ১৭ |

ফরম নংঃ জিবিসিএসআরডি-০৫

**ব্যাংকের নামঃ.................**

**বিতরণকারী ব্যাংক শাখার নাম ঃ.............**

**লিংকেজ প্রতিষ্ঠানের নাম ঃ...................**

**ব্যাংক কর্তৃক অর্থায়নের তারিখ ঃ.............**

**ব্যাংক কর্তৃক লিংকেজ প্রতিষ্ঠানকে প্রদত্ত ঋণের ক্ষেত্রে সুদের হার ঃ.......**

**পুনঃঅর্থায়ন দাবীকৃত ঋণের বিবরনী (---------- ত্রৈমাসিক,২০১৩)**

| ক্রমিক নং | সৌর শক্তি ব্যবহারকারী ঋণ গ্রহীতার নাম ও মোবাইল নম্বর | | ঠিকানা | | | বিতরণের তারিখ | বিতরণকৃত ঋণের পরিমাণ | ঋণের মেয়াদ (কিস্তি সংখ্যা ও পরিমান) | | গ্রাহক পর্যায়ে সুদের হার | সংযোজিত দ্যব্যাদির নাম (যেমন, সোলার হোম সিস্টেম) | সৌর বিদ্যুৎ এর উৎপাদন ক্ষমতা ($W_p$) | সংযোজিত দ্রব্যাদির মূল্য (যেমন, সোলার হোম সিস্টেম) | সৌর প্যানেলের ইউনিক কোড নং |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | নাম | মোবাইল নম্বর (না থাকলে পরিচিত অন্য কারও) | গ্রাম ও ইউনিয়ন | উপজেলা | জেলা | | | | | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| | | | | | | | | বছর/ মাস | কিস্তির পরিমান | | | | | |

*** ঋণের মেয়াদ ভিন্ন ভিন্ন হলে মেয়াদ অনুযায়ী ভিন্ন ভিন্ন বিবরণী দিতে হবে ।**

**** সোলার হোম সিস্টেম স্থাপনের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকে দাবীকৃত পুনঃঅর্থায়ন এর বিপরীতে লিংকেজ প্রতিষ্ঠান সমূহ অন্য কোন উৎস / প্রতিষ্ঠান হতে অর্থায়ন সুবিধা গ্রহণ করে নাই মর্মে অর্থায়নকারী ব্যাংককে প্রত্যয়ন করতে হবে ।**

***** এক্সেল সীটে ইংরেজীতে তথ্য দিতে হবে।**